

🗏 আশ-শূরা | Ash-Shura | الشُّوري

আয়াতঃ ৪২: ১২

💵 আরবি মূল আয়াত:

لَهُ مَقَالِيدُ السَّمَوْتِ وَ الأرضِ يَبسُطُ الرِّزقَ لِمَن يَّشَاءُ وَ يَقدِرُ ١ إِنَّهُ بِكُلِّ شَيءٍ عَلِيمٌ ﴿١٢﴾

আসমানসমূহ ও যমীনের চাবি তাঁর কাছে; যার জন্য ইচ্ছা তিনি রিম্ক প্রশস্ত করেন এবং নিয়ন্ত্রিত করেন; নিশ্চয় তিনি সকল বিষয়ে সর্বজ্ঞাত। — আল-বায়ান

আসমান ও যমীনের চাবিকাঠি তাঁরই হাতে নিবদ্ধ। যার জন্য ইচ্ছে তিনি রিযক প্রশস্ত করেন ও (যার জন্য ইচ্ছে) সীমিত করেন। সব বিষয়েই তিনি সবচেয়ে জ্ঞানী। — তাইসিকল

আকাশমন্ডলী ও পৃথিবীর চাবি তাঁরই নিকট। তিনি যার প্রতি ইচ্ছা তার রিম্ক বর্ধিত করেন অথবা সংকুচিত করেন। তিনি সর্ব বিষয়ে সবিশেষ অবহিত। — মুজিবুর রহমান

To Him belong the keys of the heavens and the earth. He extends provision for whom He wills and restricts [it]. Indeed He is, of all things, Knowing. — Sahih International

১২. তাঁরই কাছে আসমানসমূহ ও যমীনের চাবিকাঠি। তিনি যার জন্যে ইচ্ছে তাঁর রিযিক বাড়িয়ে দেন এবং সংকুচিত করেন। নিশ্চয় তিনি সবকিছু সম্পর্কে সর্বজ্ঞ।

তাফসীরে জাকারিয়া

- (১২) আকাশমন্ডলী ও পৃথিবীর চাবি তাঁরই নিকট।[1] তিনি যার প্রতি ইচ্ছা তার রুযী বর্ধিত করেন এবং সংকুচিত করেন। নিশ্চয়ই তিনি সর্ববিষয়ে সবিশেষ অবহিত।
 - [1] مقْلاَد वनः مقْلاَد এর বহুবচন। এর অর্থঃ ধন-ভান্তারসমূহ অথবা চাবিসমূহ।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন